গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
ধুনট, বগুড়া।
(dhunot.bogra.gov.bd)

# ডিসেম্বর-২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ আব্দুল হাই খোকন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ধুনট, বগুড়া।
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ
তারিখ : ২১ ডিসেম্বর ২০২৩, সময়: সকাল ১১.০০ টা।
আলোচ্য মাস : নভেম্বর ২০২৩

সভায় উপস্থিত সদস্যবৃন্দ-পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভার শুরুতে উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর সভায় আলোচ্যসূচি ধারাবাহিকভাবে আলোচনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। পাঠ অন্তে কার্যবিবরণীর কোন সংশোধন না থাকায় দৃঢ়ীকরণ করা হয়।

২। আলোচ্য মাসের কার্যপত্র পাঠ ও অনুমোদন করা হয়. বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ
৩। বিভাগীয় আলোচনাঃ

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | উপজেলা প্রকৌশলীর কার্যালয়ঃ<br>উপজেলা প্রকৌশলী, ধুনট, বগুড়া সভায় জানান যে,<br>১) এ দপ্তরের অধীন ৪র্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি-৪) প্রকল্পের আওতায় প্রায় ৯ টি প্রাথমিক বিদ্যালয়ের সম্প্রসারিত ভবন নির্মাণ এবং প্রায় ১৫ টি প্রাথমিক বিদ্যালয়ের প্রাচীর নির্মাণ কাজ চলমান আছে। এছাড়া গুরুত্বপূর্ণ গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প, রাজশাহী বিভাগ উন্নয়ন প্রকল্প (সিরাজগঞ্জ জেলা ব্যতীত), বৃহত্তর পাবনা-বগুড়া গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প এর আওতায় গ্রামীণ সড়ক পাকাকরণ কার্যক্রম চলমান আছে। এছাড়া "পল্লী সড়ক মেরামত/ সংরক্ষণ কর্মসূচি"র আওতায় ধুনট উপজেলাধীন ৯ টি রাস্তা মেরামত কাজ চলমান রয়েছে।<br><br>আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে ভোটকেন্দ্র হিসেবে বাছাইকৃত ২৯ টি প্রাথমিক বিদ্যালয়ের জরুরি মেরামতের জন্য প্রাক্কলন ইতোমধ্যেই উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তুতপূর্বক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের নিকট প্রেরণ করা হয়েছে এবং সে অনুযায়ী কার্যক্রম চলমান আছে।<br><br>উল্লেখ্য, ভান্ডারবাড়ি উচ্চ বিদ্যালয় ও বগা সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোটকেন্দ্র দুটির সংযোগ সড়ক বর্তমানে নির্মাণ করা হয়েছে এতে নির্বাচনকালীন ভোটকেন্দ্রের সাথে যোগাযোগ অক্ষুন্ন থাকবে বলে আশা করা যাচ্ছে। বানিয়াগাতি সরকারি প্রাথমিক বিদ্যালয় ও শৈলমারি প্রাথমিক বিদ্যালয়ের ভোট কেন্দ্রের সংযোগ সড়কের মেরামত কাজ চলমান রয়েছে।<br>উপজেলা পরিষদের দ্বিতীয় ক্যাম্পাসের অভ্যন্তরে ভেঙ্গে পড়া গাছের মূল্যনির্ধারণী প্রতিবেদন ভারপ্রাপ্ত বন কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারী কেন্দ্র, ধুনট, বগুড়া কর্তৃক পাওয়া গেছে। প্রতিবেদনে | ১। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন করতে হবে।<br>২। আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে ভোটকেন্দ্র হিসেবে বাছাইকৃত ২৯ টি প্রাথমিক বিদ্যালয়ের জরুরি মেরামতের জন্য উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলন অনুযায়ী মেরামত কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>৩। উপজেলা পরিষদের অভ্যন্তরে ভেঙ্গে পড়া গাছটি নিলামে বিক্রয়ের প্রস্তাব অনুমোদনের জন্য জেলা প্রশাসক, বগুড়া বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, ধুনট, বগুড়া।<br>২। পল্লী বিদ্যুৎ সমিতি-২, ধুনট, বগুড়া।<br>২। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমূহ। |



CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ৫,৯৪৮/- (পাঁচ হাজার নয়শত আটচল্লিশ) টাকা মাত্র প্রাক্কলিত মূল্য নির্ধারণ করা হয়েছে। গাছটি নিলামে বিক্রয়ের প্রস্তাব অনুমোদনের জন্য জেলা প্রশাসক, বগুড়া বরাবর প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে বলে তিনি সভায় জানান। | | |
| ০২. | <u>উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ঃ</u><br>উপজেলা কৃষি অফিসার, ধুনট, বগুড়া সভায় জানান যে,<br>১) ধুনট উপজেলায় মোট ২০,০৭০ হে. আবাদি জমি রয়েছে। যেখানে বিভিন্ন ফসলের চাষ করা হচ্ছে। খরিপ-২ মৌসুমে ১৬,৭৯৫ হে. জমিতে রোপা আমন ধান, ১১০ হে. জমিতে মাসকলাই চাষ করা হয়েছিলো। ইতোমধ্যে ৩,৩৬০ হে. রোপা আমন ধান ১০০% কর্তন করা হয়েছে। যার গড় ফলন ২.৯১ মে. টন। এছাড়া ২০ হে. জমির মাসকলাই কর্তন করা হয়েছে। যার গড় ফলন ৩.১০ মে.টন/হেক্টর (চাউলে)। রবি/২০২৩মৌসুমে লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩৪০ হে. জমিতে সরিষা, ৪,১১০ হে. জমিতে পেঁয়াজ, ১৩০ হে. জমিতে মরিচ, ৩০০ হে. জমিতে গম, ২৬০ হে. জমিতে ভূট্টা ও ২,৩৭৫ হে. জমিতে অন্যান্য ফসলের চাষ করা হচ্ছে। উল্লিখিত ফসলের মধ্যে ১,৩৭০ হে. জমিতে বিভিন্ন ধরনের শাক-সবজি চাষ করা হচ্ছে। উল্লিখিত ফসলের মধ্যে ১,৭৩০ হে. জমিতে বিভিন্ন ধরনের শীতকালীন শাক-সবজি আবাদ করা হয়েছে। উল্লিখিত ফসলের গড় ফলন ১৭.২৫ মে.টন।<br>২) উদ্বুদ্ধকরণের মাধ্যমে ধুনট উপজেলার বিভিন্ন আশ্রয়ণ প্রকল্পের অনাবাদী জমিতে বিভিন্ন জাতের সবজি ও ফসলের আবাদ বৃদ্ধি করা হচ্ছে। মাঠ পর্যায়ে উচ্চমূল্যের ফসল যেমন মাচায় তরমুজ চাষ, ড্রাগন ফল, মাল্টা ও টমেটো চাষ বৃদ্ধি করার জন্য কৃষি বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ সার্বক্ষণিক কৃষকের পাশে থেকে পরামর্শ ও সহযোগিতা প্রদান করছেন। পাশাপাশি অনলাইনে খামারি অ্যাপস ব্যবহার করার মাধ্যমে কৃষকের ফসলি জমিতে রাসায়নিক সার ব্যবহার মাত্রা কমিয়ে আনার কাজ চলমান রয়েছে।<br>৩। বর্তমানে ধুনট উপজেলায় ১৬০ মে.টন ইউরিয়া, ৭০ মে.টন টি.এস.পি, ৫৫ মে.টন ডিএপি, ৪০ মে.টন এমওপি সার মজুদ রয়েছে। সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে সার বিক্রি তদারকি করা হচ্ছে।<br>৪। বোরো ফসল আবাদ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা প্রয়োজন।<br>বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে বলে তিনি সভায় জানান। | ১। সার ও বীজ সরবরাহ নিশ্চিত করতে হবে।<br>২। উদ্বুদ্ধকরণের মাধ্যমে ধুনট উপজেলার বিভিন্ন আশ্রয়ণ প্রকল্পের আওতায় বিভিন্ন জাতের সবজি ও ফসলের আবাদ বৃদ্ধিতে কৃষক প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।<br>৩। বরাদ্দকৃত সার ও বীজ নির্ধারিত সময়ে ডিলার এবং কৃষকদের নিকট সরবরাহ নিশ্চিতে কৃষি বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা-গণের সার্বক্ষণিক বিক্রয় তদারকি নিশ্চিত করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, ধুনট, বগুড়া। |
| ০৩. | <u>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ঃ</u><br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ধুনট, বগুড়া সভায় জানান যে,<br>১) গর্ভবতী মহিলাদের এএনসি ও স্বাভাবিক প্রসব কার্যক্রম চলমান রয়েছে।<br>২) টেলিমেডিসিন সেবা কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া গর্ভবতী মহিলাদের কমিউনিটি ক্লিনিক থেকে ক্যালসিয়াম ও ভিটামিন ওষুধ প্রদান করা হচ্ছে।<br>৩) কমিউনিটি আই সেন্টার স্থাপন ও সেবা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। কমিউনিটি আই সেন্টার সেবার আওতায় চোখের সমস্যার জন্য চশমা, ওষুধ প্রদানসহ অন্যান্য সেবা ফ্রি প্রদান করা হচ্ছে।<br>৪) হাসপাতালের প্যাথলজি ল্যাবে বিভিন্ন ধরনের রক্তের ও প্রস্রাবের পরীক্ষা চলমান রয়েছে।<br>৫) এক্স-রে ইসিজি ও আল্ট্রাসনোগ্রাম পরীক্ষা চলমান রয়েছে।<br>৬) প্যাথোলজি বিভাগে ডেঙ্গু পরীক্ষায় ০১/০১/২০২৩ হতে ১৬/১২/২০২৩ পর্যন্ত মোট =৮৮০ জন, ল্যাবে ডেঙ্গু পজেটিভ =৯৫ | ১। টেলিমেডিসিন সেবা কার্যক্রম চলমান রাখতে হবে।<br>২। কমিউনিটি পর্যায়ের ক্লিনিকগুলোতে সেবা কার্যক্রম নিয়মিত প্রদান করা হচ্ছে কি না তা নিশ্চিত করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ধুনট, বগুড়া। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | জন। মোট ডেঙ্গু রোগী ও সন্দেহিত রোগী ভর্তি =২১৫ জন।<br>৬) বর্তমানে খেজুরের কাঁচা রস থেকে নিপাহ ভাইরাসসহ অন্যান্য রোগ সংক্রমণের ঘটনা ঘটে। এ বিষয়ে সবাইকে সতর্ক থাকার জন্য অনুরোধ করা হয়।<br>এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ০৪. | **উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেনারি হাসপাতালঃ**<br>উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ধুনট, বগুড়া সভায় জানান যে,<br>১) ধুনট উপজেলায় ল্যাম্পি স্কিন ডিজিস (LSD) রোগের প্রাদুর্ভাব নেই । তবে (FMD) ক্ষুরা রোগের প্রাদুর্ভাব দেখা যাচ্ছে। ক্ষুরারোগ নিয়ন্ত্রণে টিকাদান কর্মসূচি, সচেতনতামূলক পাঁচটি (০৫) উঠান বৈঠক সম্পন্ন করা হয়েছে। ধুনট সদর ইউনিয়ন এর বিভিন্ন ভেটেনারি ফার্মেসিতে ভেজাল ও ডিএলএস নাম্বার বহির্ভূত ঔষধ বিক্রেতাদের বিরুদ্ধে ৩ (তিন) টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে। তিনটি মোবাইল কোর্ট অভিযানে মোট ১৮,০০০/- টাকা জরিমানা করা হয়েছে।<br>**কার্যক্রমঃ**<br>চিকিৎসা প্রদান কার্যক্রমের আওতায়,<br>ক.প্রাণী =২,৫৯৫ টি, খ.পাখি=১৬,১২০ টি, গ.কৃত্রিম প্রজনন=২,০৬২ মাত্রা।<br>২) সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় ৭০ টি পরিবারকে ভেড়া ও ভেড়ার ঘর বিতরণ করা হয়েছে। এই প্রকল্পের আওতায় আরো ১০০ (একশত) টি পরিবারকে মুরগি ও মুরগির ঘর প্রদানের কাজ চলমান রয়েছে।<br>এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। ক্ষুরারোগ নিয়ন্ত্রণে টিকাদান কর্মসূচি, সচেতনতামূলক আরো বৃদ্ধি করতে হবে।<br>২। সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় বাছাইকৃত উপকার-ভোগীদের অনুকূলে ১০০ টি মুরগি ও মুরগির ঘর প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ধুনট, বগুড়া। |
| ০৫. | **উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়ঃ**<br>উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ধুনট, বগুড়া সভায় জানান যে,<br>১। ধুনট উপজেলার ১০ টি ইউনিয়নে বর্তমানে ১,৩০০ হেক্টর পুকুরে মৎস্য চাষ করা হচ্ছে। এর মধ্যে ২০০ হেক্টর জমিতে দেশীয় ছোট মাছ চাষ করা হচ্ছে। ছোট মাছ উৎপাদনের লক্ষ্যমাত্রা ৮০০ মেট্রিক টন। ১১০০ হেক্টর জমিতে কার্প জাতীয় মিশ্র মাছ চাষ করা হচ্ছে, যার উৎপাদন লক্ষ্যমাত্রা ৩৮০০ মেট্রিক টন।<br>২। বর্তমানে শীতকালীন ক্ষতরোগের আগাম প্রতিরোধের জন্য চাষীদের নিয়মিত পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়া মৎস্য সংরক্ষণ আইনে ০২ টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে। এতে ৩৭ টি চায়না জাল, ৫৭ টি কারেন্ট জাল জব্দ করে পোড়ানো হয়েছে।<br>হাট-বাজার পরিদর্শন, চাষী পরামর্শ প্রশিক্ষণসহ অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। মৎস্য চাষ বৃদ্ধিতে সচেতনতা ও মৎস্যচাষ এর সুফল সম্পর্কে প্রান্তিক পর্যায়ে পরামর্শ সেবা প্রদান করতে হবে।<br>২। অবৈধ চায়না দুয়ারী জালের বিস্তার রোধে তথ্যের ভিত্তিতে আরো অভিযান পরিচালনা করতে হবে। | উপজেলা মৎস্য অফিসার, ধুনট, বগুড়া। |
| ০৬. | **উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ঃ**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, ধুনট, বগুড়া সভায় জানান যে,<br>চাল: মজুদ চাল=১৪৪২.৪৮৫ মে. টন, খালি বস্তা= ১৩,৬১৭ খানা।<br>চলতি ২০২৩-২৪ মৌসুমে আমন ধান ও চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা :<br>চাল =৩৩১,০০০ মে.টন ও ধান = ৬৪৫,০০০ মে.টন।<br>সংগ্রহ মূল্য: সিদ্ধ চাল=৪৪ টাকা/কেজি, আতপ চাল= ৪৩ টাকা/কেজি, ধান=৩০ টাকা/কেজি।<br>এলএসডি ধারণ ক্ষমতা: ধুনট এলএসডির ধারণ ক্ষমতা =১৫০০ মে.টন, গোসাইবাড়ী এর এলসডির ধারণ ক্ষমতা =১৫০০ মে.টন।<br>লাইসেন্স সংখ্যা : লাইসেন্সকৃত চালকলের সংখ্যা =৪২ টি,<br>পাইকারী লাইসেন্সকৃত চালকলের সংখ্যা =১৯ টি,<br>খুচরা চালকলের সংখ্যা =২২ টি, আটাচাক্কি=০১ টি।<br>বাজারদর: মোটা চাল= ৪৩-৪৪ টাকা/কেজি, মাঝারি চাল= ৫২-৫৩ টাকা/কেজি, চিকন চাল= ৬৩-৬৪ টাকা/কেজি।<br>মোটা ধান =২৮-২৯ টাকা/কেজি, মাঝারি ধান =৩২-৩৩ টাকা/কেজি, | ১। খাদ্যবান্ধব কার্যক্রম এর তালিকা যাচাই-বাছাই দ্রুত সম্পন্ন করতে হবে।<br>২। খাদ্যবান্ধব কার্যক্রমে মৃত ভোক্তাদের মৃত্যু সনদ নিশ্চিত করে অনলাইনে আপলোড করতে হবে।<br>৩। চাহিদা অনুযায়ী বিভিন্ন খাতে চাল ও গম সরবরাহ করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ধুনট, বগুড়া। |

| | | | |
|---|---|---|---|
| | চিকন ধান =৩৪-৩৫ টাকা/কেজি।<br>বিতরণ: খাদ্য বান্ধব বরাদ্দকৃত =১৪,৫০৯ টি কার্ড, বিতরণকৃত চাল= ৪৩০.৬২০ মে.টন, টিসিবির বরাদ্দকৃত =১৬,৪১০টি কার্ড, বিতরণকৃত চাল = ১৬৪.১০০ মে.টন, কাবিখা চাল=২৯.০৪১ মে.টন, কাবিখা গম=৩০.৫৪১ মে.টন, ভিজিডিউবি=৭৪.৫৫০ মে.টন।<br>খাদ্যবান্ধব : খাদ্যবান্ধব সুবিধাভোগীর সংখ্যা=১৪,৫০৯ টি, ইউসিএফ যাচাইকৃত =১৪,৩৬৯ টি, অযাচাইকৃত =১৪০ টি।<br>এছাড়া খাদ্যবান্ধব কার্যক্রমে মৃত ভোক্তাদের মৃত্যু সনদ অনলাইনে আপলোড কার্যক্রম এবং চাহিদা অনুযায়ী বিভিন্ন খাতে চাল ও গম সরবরাহ কার্যক্রম চলমান আছে।<br>এছাড়া নভেম্বর/২০২৩ মাসে টিসিবি কার্যক্রমের আওতায় ৮২,০৫০ মে. টন চাল টিসিবি কর্তৃক নির্ধারিত ক্রেতাদের মাঝে সরবরাহ করা হয়েছে।<br>বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | |
| ০৭. | **উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়ঃ**<br>উপজেলা সমাজসেবা অফিসার, ধুনট, বগুড়া সভায় জানান যে,<br>১) সকল ইউনিয়ন পরিষদে ভাতাভোগীর উপস্থিতির মাধ্যমে লাইভ ভেরিফিকেশন নিশ্চিত করা হয়েছে।<br>২) বয়স্ক, বিধবা, স্বামী নিগৃহীতা ও প্রতিবন্ধী ভাতাভোগীর আবেদনের পরিপ্রেক্ষিতে মোবাইল/ ব্যাংক একাউন্ট নম্বর পরিবর্তন/ভুল থাকলে তা সংশোধন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।<br>৩) পল্লী সমাজসেবা কার্যক্রমের আওতায় নভেম্বর/২০২৩ মাস পর্যন্ত ৪,৬৯,০০০/- (চার লক্ষ উনসত্তর হাজার) টাকা মাত্র সুদমুক্ত ঋণ বিতরণ করা হয়েছে।<br>বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতাভোগীদের আবেদনের পরিপ্রেক্ষিতে মোবাইল নম্বর/ব্যাংক একাউন্ট নম্বর ভুল থাকলে সংশোধন করতে হবে।<br>২। মৃত্যু সনদ যাচাই করে ভাতা প্রদান বন্ধ ও নতুন ভাতা ভোগীদের কার্ড প্রদান নিশ্চিত করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার, ধুনট, বগুড়া। |
| ০৮. | **উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়ঃ**<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ধুনট, বগুড়া সভায় জানান যে,<br>বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড বিআরডিবি'র মাধ্যমে নিম্নলিখিত কর্মসূচি/প্রকল্প বাস্তবায়ন হয়ে আসছে ১)। মূল ও আবর্তক কর্মসূচি ২) সমন্বিত কর্মসূচি ৩) পল্লী প্রগতি প্রকল্প ৪) গুচ্ছগ্রাম প্রকল্প ৫) মুক্তিযোদ্ধা ৬) অপ্রধান শস্য। উপজেলায় বিআরডিবি'র মোট সমবায়ীর সংখ্যা ১৪,৩৯২ জন। ৯,১৩৫ জন সদস্যদের মাঝে নভেম্বর/২০২৩ মাস পর্যন্ত ২,০৮৬.২০ লক্ষ টাকা ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ করা হয়েছে এবং ঋণ আদায়ের হার ৯৩% ।<br>এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিআরডিবির মাধ্যমে ঋণ প্রদান ও ঋণ আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ধুনট, বগুড়া। |
| ০৯. | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়ঃ**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ধুনট, বগুড়া সভায় জানান যে,<br>ক) ২০২৪ শিক্ষাবর্ষে পাঠ্যপুস্তক বিনামূল্যে বিতরণের জন্য উপজেলায় নিরাপদ হেফাজতে সংরক্ষণ করা আছে। ১ জানুয়ারি ২০২৪ তারিখে আনুষ্ঠানিকভাবে শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ করা হবে। এ বছরে মোট বই এর চাহিদা =৪,২৫,৬৩০ কপি এবং এ পর্যন্ত উপজেলায় সব বই প্রেরণ করা হয়েছে।<br>খ) জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক ৬ষ্ঠ (মাধ্যমিক) শ্রেণির আংশিক পাঠ্যপুস্তক, ৭ম শ্রেণির সম্পূর্ন পাঠ্যপুস্তক এবং ৬ষ্ঠ (দাখিল) শ্রেণির সম্পূর্ণ পাঠ্যপুস্তক ধুনট উপজেলায় প্রেরণ করা হয়েছে এবং শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে নির্ধারিত দিনে বই বিতরণ করা হবে।<br>গ) ৬ষ্ঠ ও ৭ম শ্রেণীর বার্ষিক সামষ্টিক মূল্যায়ন পরীক্ষা এবং ৮ম ও ৯ম শ্রেণীর বার্ষিক পরীক্ষা সম্পন্ন করা হয়েছে।<br>ঘ) নতুন কারিকুলাম বিষয়ে শিক্ষকদের প্রশিক্ষণ কর্মশালা ১৮ ডিসেম্বর/২০২৩ হতে ২৪ ডিসেম্বর/ ২০২৩ তারিখ পর্যন্ত চলবে। | ১। ২০২৪ শিক্ষাবর্ষে পাঠ্যপুস্তক বিনামূল্যে বিতরণের জন্য উপজেলায় নিরাপদ হেফাযতে সংরক্ষণ করতে হবে এবং সুষ্ঠুভাবে বিতরণ সম্পন্ন করতে হবে।<br>২। ৬ষ্ঠ ও ৭ম শ্রেণীর বার্ষিক সামষ্টিক মূল্যায়ন পরীক্ষা এবং ৮ম ও ৯ম শ্রেণীর বার্ষিক পরীক্ষা যথাসময়ে সম্পন্ন করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ধুনট, বগুড়া। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ৬) আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ৪ টি ভোটকেন্দ্র (চিকাশী আয় :ইউনিয়ন উচ্চ বিদ্যালয়, বিলচাপড়ী ইউনাইটেড উচ্চ বিদ্যালয়, নাটাবাড়ী দ্বিমুখী উচ্চ বিদ্যালয়, হেউটনগর দাখিল মাদ্রাসা) সংস্কার বাবদ ১,৩৫,০০০/- (এক লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা মাত্র ব্যয় করা হয়েছে। | | |
| ১০. | **<u>উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়ঃ</u>**<br>উপজেলা শিক্ষা অফিসার, ধুনট, বগুড়া সভায় জানান যে,<br>১) নভেম্বর/২০২৩ মাসে ১০ টি শিক্ষা প্রতিষ্ঠানে মা সমাবেশ/উঠান বৈঠক সম্পন্ন করা হয়েছে। (১.বুড়িরভিটা সপ্রাবি, ২.সাতবেকি সপ্রাবি, ৩.সরুগ্রাম সপ্রাবি, ৪.ঈশ্বরঘাট সপ্রাবি, ৫.চিতুলিয়া সপ্রাবি, ৬.মরিচতলা সপ্রাবি, ৭.বানিয়াজান সপ্রাবি, ৮.বেলকুচি সপ্রাবি, ৯.ছোট এলাঙ্গী সপ্রাবি ও ১০. দীঘলকান্দি সপ্রাবি)।<br>২) ২০২৩ সালে ০৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৪র্থ শ্রেণি ও ৫ম শ্রেণির শিক্ষার্থীর জন্য প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রম চালু করা হয়েছে। শিক্ষার গুণগতমান উন্নয়নের জন্য এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।<br>৩) প্রাথমিক পর্যায়ে শিক্ষকদের নতুন কারিকুলামের আওতায় ২৮ টি প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে এবং প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br>৪) প্রাথমিক পর্যায়ে শিক্ষার্থীদের মাঝে নতুন বই বিতরণের প্রস্তুতি চলমান রয়েছে। সরকার কর্তৃক নির্ধারিত সময়ে বই বিতরণ করা হবে।<br>এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে মা সমাবেশ/উঠান বৈঠক সম্পন্ন করতে হবে।<br>২। শিক্ষার গুণগতমান উন্নয়নে গৃহীত পদক্ষেপ গুলো যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, ধুনট, বগুড়া। |
| ১১. | **<u>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ঃ</u>**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ধুনট, বগুড়া সভায় জানান যে,<br><u>১। আত্মকর্মসংস্থান কর্মসূচি</u> : আত্মকর্মসংস্থান কর্মসূচির আওতায় মোট বরাদ্দের পরিমাণ =৫৮,২৩,৫৩৮/- টাকা। চলতি বছরে বিতরণের লক্ষ্যমাত্রা =৩২,৬০,০০০/- টাকা (সম্ভাব্য)। মোট বিতরণ =১৬,১০,০০০/- টাকা, ক্রমপুঞ্জিত বিতরণ =৩,১৮,২৩,০০০/- টাকা, ক্রমপুঞ্জিত আদায়কৃত টাকার পরিমাণ=২,৫২,২২,৪৬৫/- টাকা। বর্তমানে আদায়ের হার =৯৩%। নভেম্বর/২০২৩ মাসে চলমান আদায়যোগ্য টাকার পরিমাণ=১,৪৮,০০০/- টাকা, আদায়কৃত টাকার পরিমাণ =১,৪৮,০০০/- টাকা। আদায়ের হার =১০০%। এছাড়া খেলাপী ঋণ আদায় =৫,১০২/- টাকা। ক্রমপুঞ্জিত ঋণ গ্রহীতার সংখ্যা =১,১৬৩ জন। চলমান অর্থবছরে ১৪ টি ব্যাচে প্রশিক্ষণার্থীর লক্ষ্যমাত্রা =৪২০ জন (সম্ভাব্য)। নভেম্বর/২০২৩ পর্যন্ত ০৯ টি প্রশিক্ষণ ব্যাচে ২৭০ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br><u>২। পরিবার ভিত্তিক কর্মসূচি</u> : পরিবার ভিত্তিক কর্মসংস্থান কর্মসূচির আওতায় মোট বরাদ্দের পরিমাণ =৮৯,৯৫,৪৬৫/- টাকা। ২০২৩-২৪ অর্থবছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা =১২,০০,০০০/- টাকা (সম্ভাব্য)। বছরের মোট বিতরণ =৯,৮০,০০০/- টাকা, ক্রমপুঞ্জিত বিতরণ =৪,৯৯,৮৯,৯৭৫/- টাকা, ক্রমপুঞ্জিত আদায়কৃত টাকার পরিমাণ =৪,৬২,৫৫,৭৬৬/- টাকা। আদায়ের হার ৯৭%। নভেম্বর/২০২৩ মাসে চলমান আদায়যোগ্য টাকার পরিমাণ =১,৩৫,১১০/-টাকা। আদায়কৃত টাকার পরিমাণ =১,৩৫,১১০/- টাকা (খেলাপী আদায়=১৫,০০০/- টাকা) আদায়ের হার ১০০%। ক্রমপুঞ্জিত ঋণ গ্রহীতার সংখ্যা =৬,২৬৫ জন।<br>এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। আত্মকর্মসংস্থান কর্মসূচির আওতায় প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।<br>২। পরিবার ভিত্তিক কর্মসংস্থান কর্মসূচির আওতায় ঋণ বিতরণ, আদায় যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, ধুনট, বগুড়া। |
| ১২. | **<u>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ঃ</u>**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ধুনট, বগুড়া সভায় জানান যে, নভেম্বর/২০২৩ মাস পর্যন্ত<br>ক) কাবিখা/কাবিটা এর আওতায় ৬৯ টি প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং প্রকল্পসমূহের কাজ চলমান রয়েছে।<br>খ) টি. আর এর আওতায় ১৩৯ টি প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং প্রকল্পসমূহের কাজ চলমান রয়েছে। | ১। কাবিখা/কাবিটা এর আওতায় ৬৯ টি প্রকল্প এবং টি. আর এর আওতায় ১৩৯ টি প্রকল্প গুণগতমান বজায় রেখে দ্রুত সম্পন্ন করতে হবে এবং নিয়মিত প্রকল্পসমূহ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, ধুনট, বগুড়া। |

| | | | |
|---|---|---|---|
| | গ) ইজিপিপি এর আওতায় ৫০ টি প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং প্রকল্পসমূহের কাজ চলমান রয়েছে।<br>ঘ) এইচ বিবি প্রকল্পের আওতায় ২ কি.মি. রাস্তার টেন্ডার পরবর্তী কাজ চলমান রয়েছে। | পরিদর্শন করতে হবে।<br>২। এইচ বিবি প্রকল্পের আওতায় ২ কি.মি. রাস্তার টেন্ডার পরবর্তী কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | |
| ১৩. | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ঃ**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ধুনট, বগুড়া সভায় জানান যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ভিডব্লিউবি কর্মসূচির নভেম্বর/২০২৩ মাসে ভিডব্লিউবি খাদ্যশস্য বরাদ্দ পাওয়া গেছে এবং স্ব স্ব ইউনিয়নে চেয়ারম্যানদের অনুকূলে ডিও ইস্যু করা হয়েছে। ভিডব্লিউবি উপকারভোগীদের ডাচ-বাংলা এজেন্ট ব্যাংকে ১০/- (দশ) টাকার ব্যাংক হিসাব খুলে ২২০/- (দুইশ বিশ) টাকা হারে প্রতি মাসে জমা করার বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে সহযোগিতা করার জন্য পত্র দেওয়া হয়েছে। এ পর্যন্ত ১০ টি ইউনিয়ন হতে ১১৫০ জন উপকারভোগীর সঞ্চয় হিসাব নং খোলা হয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় নভেম্বর/২০২৩ মাসে ১টি পৌরসভা ও ১০ ইউনিয়নে মোট ৭৩ টি উপকারভোগীর তালিকা অনুমোদন করা হয়েছে।<br>কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় ধুনট উপজেলায় ১১ টি কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। নতুন সদস্য গ্রহণের জন্য চাহিদা প্রেরণ করা হয়েছে।<br>এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ভিডব্লিউবি কর্মসূচির নভেম্বর/২০২৩ মাসে ভিডব্লিউবি খাদ্যশস্য বরাদ্দ পাওয়া গেছে সেগুলো ইউনিয়ন গুলোতে বিতরণ সম্পন্ন করতে হবে।<br>২। উপকারভোগীদের মোবাইল ব্যাংকিং হিসাব সংশোধন কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, ধুনট, বগুড়া। |
| ১৪. | **উপজেলা সমবায় অফিসারের কার্যালয়ঃ**<br>উপজেলা সমবায় অফিসার, ধুনট, বগুড়া সভায় জানান যে,<br>ক) আশ্রয়ণ প্রকল্পের ঋণ সংক্রান্ত অগ্রগতিঃ শীতলাবিল আশ্রয়ণ ফেইজ-২ প্রকল্পের সুবিধাভোগীদের মধ্যে পূর্বে দাদনকৃত ঋণের পরিমাণ ছিল ৯৪,৫০০/- টাকা। বর্তমানে ৪,৫০,০০০/- টাকা সহ মোট ১৩,৯৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এর মধ্যে ঋণ আদায়কৃত ঋণের পরিমাণ ৯৪,৪৫,০০০/- টাকা। বর্তমানে দাদনকৃত ৪,৫০,০০০/- টাকা মাসিক কিস্তি আদায় করা হয়েছে। শীতলাবিল আশ্রয়ণ ফেইজ-২ সমবায় সমিতিতে বিগত ২১/০৬/২০২৩ তারিখে নির্বাচনের মাধ্যমে বৈধ ব্যবস্থাপনা কমিটি গঠন করা হয়েছে।<br>খ) সমবায় সমিতির অগ্রগতি সংক্রান্তঃ ধুনট উপজেলাধীন ২০২২-২৩ অর্থবছরে অডিটযোগ্য সমিতির সংখ্যা ৮০ টি। নভেম্বর/২০২৩ মাস পর্যন্ত ৪৬ টি সমিতির বার্ষিক অডিট সম্পাদন করা হয়েছে। অডিট প্রতিবেদন সমূহ সমবায় দপ্তরে সংরক্ষিত আছে।<br>গ) অডিট ফি (সরকারি রাজস্ব) আদায় সংক্রান্ত অগ্রগতিঃ<br>ধুনট উপজেলাধীন ২০২২-২৩ অর্থবছরে বার্ষিক অডিটের ভিত্তিতে নভেম্বর/২৩ পর্যন্ত অডিট ফি আদায়ের লক্ষ্যমাত্রা ছিলো ২৩,৭৯০/- টাকা এবং ১৫% ভ্যাট আদায়ের লক্ষ্যমাত্রা ছিলো ৩,৫৬৯/- টাকা। সমুদয় টাকা অডিট ফি সরকারি কোষাগারে চালানের মাধ্যমে জমা করা হয়েছে। অডিট ফি আদায়ের হার ১০০%।<br>ঘ) সমবায় উন্নয়ন তহবিল আদায় সংক্রান্তঃ ধুনট উপজেলাধীন ২০২২-২৩ অর্থবছরে বার্ষিক অডিটের ভিত্তিতে নভেম্বর/২৩ পর্যন্ত অডিট ফি সমবায় উন্নয়ন তহবিলে আদায়ের লক্ষ্যমাত্রা ছিলো ১৬,২৬৩/-টাকা সমুদয় টাকা চালানের মাধ্যমে জমা করা হয়েছে। অডিট ফি আদায়ের হার ১০০%।<br>এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। অবশিষ্ট সমবায় সমিতির বার্ষিক অডিট সম্পন্ন করতে হবে।<br>২। অডিট ফি সরকারি কোষাগারে জমা নিশ্চিত করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, ধুনট, বগুড়া। |
| ১৫. | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরঃ**<br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ধুনট, বগুড়া সভায় জানান যে, | ১। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ধুনট, বগুড়া |

<table>
<tr><td rowspan="8"></td><td>ক্র. নং</td><td>প্রকল্পের নাম</td><td>২০২৩-২৪ অর্থ বছরে বরাদ্দ</td><td>অগ্রগতি</td><td rowspan="8">(আইসোলেটেড) নির্মান কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>১। ২০২২-২৩ অর্থ বছরের ২৬০ টি অগভীর নলকূপ স্থাপন, বিভাজন বিষয়ক আলোচনা, পর্যালোচনা ও সুপারিশ সংক্রান্ত সভা অনুষ্ঠান করতে হবে।<br>২। এনএনজিপিএস প্রকল্পের আওতায় বিভিন্ন সরকারি বিদ্যালয়ে ওয়াস ব্লকের নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>৩। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় বিভিন্ন ইউনিয়নে অগভীর তারা নলকূপ স্থাপন কাজ (৪র্থ পর্যায়) দ্রুত সম্পন্ন করতে হবে।<br>৪। সমগ্র দেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ইউনিট স্থাপন কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।</td><td rowspan="8"></td></tr>
<tr><td rowspan="4">১.</td><td>ক.পিইডি-৪ প্রকল্পের আওতায় বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াস ব্লক (আইসোলেটেড) নির্মাণ কাজ</td><td>২৬ টি।</td><td>-</td></tr>
<tr><td>খ. পিইডি-৪ প্রকল্পের আওতায় বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াস ব্লক (Attach 2 Stored) নির্মান কাজ</td><td>২৩ টি।</td><td>-</td></tr>
<tr><td>গ.জিপিএস প্রকল্পের আওতায় বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াস ব্লক (আইসোলেটেড) নির্মান কাজ</td><td>বরাদ্দ পাওয়া যায়নি</td><td>২০২২-২৩ অর্থ বছরে ০৫ টি চলমান</td></tr>
<tr><td>ঘ.এনজিপিএস বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াস ব্লক (আইসোলেটেড)নির্মাণ</td><td>বরাদ্দ পাওয়া যায়নি</td><td>২০২২-২৩ অর্থ বছরে ০৮ টি চলমান</td></tr>
<tr><td>২.</td><td>জিপিএস প্রকল্পের আওতায় বিভিন্ন ইউনিয়নে অগভীর তারা নলকূপ স্থাপন কাজ (৪র্থ পর্যায়)</td><td>০৬ টি</td><td>-</td></tr>
<tr><td rowspan="2">৩.</td><td>ক. সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় বিভিন্ন ইউনিয়নে অগভীর তারা নলকূপ স্থাপন কাজ (৪র্থ পর্যায়)</td><td>২৬০ টি</td><td>-</td></tr>
<tr><td>খ.সমগ্র দেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ইউনিট স্থাপন কাজ</td><td>বরাদ্দ পাওয়া যায়নি</td><td>২০২২-২৩ অর্থ বছরে ১৮ টি চলমান</td></tr>
<tr><td>১৬.</td><td colspan="4"><u>উপজেলা পরিসংখ্যান অফিসারের কার্যালয়ঃ</u><br>উপজেলা পরিসংখ্যান অফিসার, ধুনট, বগুড়া সভায় জানান যে,<br><u>ক. কৃষি বিষয়ক বিভিন্ন রিপোর্ট সংগ্রহঃ</u> আমন ফসলের আয়তন ও উৎপাদন জরিপ এর কাজ চলমান রয়েছে। এ বছর ধুনট উপজেলায় প্রায় ৪১,৪৫০ একর জমিতে ৭৬৭৮০ মে.টন জমিতে রোপা আমন ধান উৎপাদন হয়েছে। এছাড়া আলু ফসলের আয়তন নির্ণয়ের জন্য মাঠ পর্যায়ের জরিপ কাজ চলমান রয়েছে।<br>খ. ধুনট উপজেলায় ১০ জন কৃষক অথবা দিন মজুরের সাক্ষাৎকারের ভিত্তিতে মাসিক কৃষি মজুরির হার নির্ণয় করা হয়। বর্তমানে এ উপজেলায় গড় কৃষি মজুরির হার ৫০০/- টাকা।<br>গ. বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন "স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) ইন ডিজিটাল প্লাটফর্ম" শীর্ষক প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ে ০৩ টি নমুনা এলাকায় কেপিআই পদ্ধতিতে তথ্য সংগ্রহ করা হচ্ছে।<br>এছাড়া দপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>১। আমন ফসলের আয়তন ও উৎপাদন জরিপ এর কাজ যথাসময়ে সম্পন্ন করতে হবে।<br>২। "স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) ইন ডিজিটাল প্লাটফর্ম" শীর্ষক প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ে ০৩ টি নমুনা এলাকায় কেপিআই পদ্ধতিতে তথ্য সংগ্রহ করে ফলাফল প্রকাশ করতে হবে।</td><td>উপজেলা পরিসংখ্যান অফিসার, ধুনট, বগুড়া।</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ১৭. | <u>উপজেলা আনসার ও ভিডিপি অফিসারের কার্যালয়ঃ</u><br>উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, ধুনট, বগুড়া সভায় জানান যে,<br>১) বিগত ০৫ নভেম্বর ২০২৩ তারিখে মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে মোতায়েনযোগ্য আনসার ও ভিডিপি সদস্যদের পুলিশ ভেরিফিকেশনে ভাতাভোগী সদস্য-সদস্যাদের সহযোগিতা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) দ্বাদশ জাতীয় নির্বাচন/২০২৪ উপলক্ষ্যে ধুনট উপজেলার ৮৯ টি ভোট কেন্দ্রের জন্য ১,০৬৮ জন আনসার সদস্য,সদস্যা মোতায়েন থাকবে।<br>এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আসন্ন জাতীয় নির্বাচন কে কেন্দ্র করে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে আনসার সদস্যদের প্রস্তুত রাখতে হবে। | ১। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, ধুনট, বগুড়া। |
| ১৮. | <u>উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়ঃ</u><br>উপজেলা নির্বাচন অফিসার, ধুনট, বগুড়া সভায় জানান যে,<br>১) আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ধুনট উপজেলায় মোট ভোট কেন্দ্রের সংখ্যা ৮৯ টি। ভোটার সংখ্যা=২,৫১,১৭২ জন, পুরুষ ভোটার=১,২৪,১০৯ জন, মহিলা ভোটার সংখ্যা=১,২৭,০৬৩ জন।<br>মোট বুথ সংখ্যা=৫৪৬ টি। স্থায়ী বুথ=৫২০ টি, অস্থায়ী বুথ-২৬ টি।<br>২) আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের ভোটকেন্দ্র স্থাপন, ভোটকেন্দ্র পরিদর্শন ও ভোটগ্রহণ কর্মকর্তাদের প্যানেল প্রস্তুত করাসহ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে।<br>৩) ভোটগ্রহণে ভিজিল্যান্স টিমের কর্মকর্তাদের প্রশিক্ষণের জন্য ধুনট সরকারি ডিগ্রি কলেজ স্থান হিসেবে নির্ধারণ করা হয়েছে। আগামী ২৭ ও ২৮ ডিসেম্বর ০২ দিনব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে।<br>৪) ভোটার তালিকা, ভোটার আইডি আবেদন গ্রহণ ও নির্ধারিত সময়ের মধ্যে সেবাগ্রহীতার কার্ড প্রদান করা হচ্ছে।<br>এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে ভোট কেন্দ্র সমূহ প্রস্তুত রাখার কাজ যথাযথভাবে সম্পন্ন করতে হবে।<br>২। ভোটার তালিকা, ভোটার আইডি আবেদন গ্রহণ ও নির্ধারিত সময়ের মধ্যে সেবা গ্রহীতার কার্ড প্রদান অব্যাহত রাখতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার, ধুনট, বগুড়া। |
| ১৯. | <u>বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২:</u><br>ডিজিএম, বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ধুনট জোনাল অফিসের ডিজিএম ধুনট,বগুড়া সভায় জানান যে,<br>১) মহান বিজয় দিবস-২০২৩ উদযাপনে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা হয়েছে।<br>২) আগামী জানুয়ারি-২০২৪ মাসে জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। বিদ্যুৎ অত্যাবশ্যকীয় বিধায় বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর হুকুম আলী বাসস্ট্যান্ড এর নিকটে অবস্থিত ধুনট উপকেন্দ্র এর নিরাপত্তার জন্য প্রয়োজনীয় সংখ্যক আনসার সদস্য নিয়োগ করার জন্য অনুরোধ করা হয়।<br>৩) সরকারি অফিস সমূহ ও উপজেলা পরিষদ এর বেশ কিছু আবাসিক ও পানির পাম্পের বিদ্যুৎ বিল বকেয়া আছে। দ্রুত বকেয়া বিদ্যুৎ বিল সমূহ পরিশোধ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানানো হয়।<br>এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে হুকুম আলী বাসস্ট্যান্ড এর নিকটে অবস্থিত ধুনট উপকেন্দ্র এর নিরাপত্তার জন্য প্রয়োজনীয় সংখ্যক গ্রাম পুলিশ নিয়োগ করা হবে। | ডিজিএম, বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২, ধুনট,বগুড়া। |
| ২০. | <u>উপজেলা বন কর্মকর্তার কার্যালয়ঃ</u><br>উপজেলা বন কর্মকর্তা, ধুনট, বগুড়া সভায় জানান যে, জুলাই/২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী নিম্নোক্ত মেয়াদোত্তীর্ণ বাগানের গাছ বিক্রয়ের জন্য টেন্ডার আহ্বান করা হয়েছে।<br>১) ২০০৮-০৯ সালে সৃজিত গোসাইবাড়ী রাস্তার ধুনট সদর পাড়ার জহুরুলের বাড়ি হতে আজিজের বাড়ি পর্যন্ত ২০.০০ কি.মি. এবং<br>২) ধুনট-গোসাইবাড়ী রাস্তার ধুনট সদর পাড়ার সাইদুল মাস্টারের বাড়ি হতে সরকার পাড়া চাতাল পর্যন্ত ১.০০ কি.মি.<br>এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক বর্ণিত বাগানের গাছ টেন্ডারের মাধ্যমে বিক্রয়ের ব্যবস্থা করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, ধুনট, বগুড়া। |
| ২১. | <u>পল্লী সঞ্চয় ব্যাংক</u><br>শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক, ধুনট, বগুড়া সভায় জানান যে,<br>১। ২০২৩-২৪ অর্থবছরে পল্লী সঞ্চয় ব্যাংক প্রধান কার্যালয় হতে ১৫ | ২০২৩-২৪ অর্থবছরে পল্লী সঞ্চয় ব্যাংকের লক্ষমাত্রা অনুযায়ী ঋণ | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক, ধুনট, বগুড়া। |

| | | | |
|---|---|---|---|
| | জন মাঠ সহকারীগণকে সঞ্চয় আদায়ের উপর ১৮২.০০ (এক কোটি বিরাশি লক্ষ) টাকা, ঋণ বিতরণের উপর =২৬০১.০০ (ছাব্বিশ কোটি এক লক্ষ) টাকা এবং ঋণ আদায়ের উপর ২,৫৩৫.০০ (পঁচিশ কোটি পঁয়ত্রিশ লক্ষ) টাকা লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। উল্লিখিত লক্ষ্যমাত্রা অনুযায়ী মাঠ সহকারীগণকে সমানভাবে বণ্টন করে পরিচালিত করা হচ্ছে।<br>২। ২০২৩-২৪ অর্থবছরে পল্লী সঞ্চয় ব্যাংক, ধুনট শাখা লক্ষ্যমাত্রার বিপরীতে নভেম্বর/২০২৩ মাসে ঋণ বিতরণ =২১৬.৭৫ (দুই কোটি ষোল লক্ষ পঁচাত্তর হাজার) টাকা, ঋণ আদায় =২১১.২৫ (দুই কোটি এগার লক্ষ পঁচিশ হাজার) টাকা ও সঞ্চয় =১৫.১৭ (পনের লক্ষ সতের হাজার) টাকা আদায় নিশ্চিত করা হয়েছে।<br>৩। ২০২৩-২৪ অর্থ বছরে ২৩৩ টি সমিতির সদস্যদের মাঝে লক্ষ্যমাত্রা অনুযায়ী মাসিক ভিত্তিতে শতভাগ ঋণ বিতরন, ঋণ ও সঞ্চয় আদায় কার্যক্রম চলমান রয়েছে।<br>এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সমানভাবে বণ্টন করতে হবে। | |
| ২২. | তথ্য আপা প্রকল্প, তথ্যকেন্দ্র :<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের তথ্যসেবা কর্মকর্তা জানান যে, তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়) উপজেলা তথ্যকেন্দ্র ধুনটের কার্যক্রমের আওতায় ২০২৩-২৪ অর্থবছরে নভেম্বর/২০২৩ মাসে ০২ টি উঠান বৈঠক সম্পন্ন করা হয়েছে। ডোর সেবা=৩৫০ জন, তথ্যকেন্দ্র সেবা প্রদান=১১৫ জনকে সেবা প্রদান করা হয়েছে। এছাড়া অফিসে আগত গ্রামীণ মহিলাদের প্রাথমিক স্বাস্থ্যসেবা, অনলাইন ফরম পূরণ, বিভিন্ন ভাতার আবেদন, চাকুরির আবেদন ও অনলাইন পাসপোর্ট আবেদন করা হচ্ছে।<br>এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প এর আওতায় নিয়মিত উঠান বৈঠক সম্পন্ন করতে হবে।<br>২। অফিসে আগত সেবাপ্রত্যাশীদের সেবা প্রদান অব্যাহত রাখতে হবে। | তথ্য সেবা কর্মকর্তা, ধুনট, বগুড়া। |
| ২৩. | উপজেলা নির্বাহী অফিসার, ধুনট, বগুড়া সভায় জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান এর নভেম্বর/২০২৩ মাসের সম্মানী ভাতা বাবদ (৪০,০০০/-+২৭,০০০/-+২৭,০০০/-)=৯৪,০০০/- (চুরানব্বই হাজার টাকা মাত্র) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদান করা হয়েছে। উল্লিখিত সম্মানী ভাতা সভায় অনুমোদনের জন্য বিস্তারিত আলোচনার জন্য উপস্থাপন করা হয়। | আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানকৃত =৯৪,০০০/- (চুরানব্বই হাজার টাকা মাত্র) ব্যয় অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, ধুনট, বগুড়া।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ধুনট, বগুড়া। |
| ২৪. | জনাব আবু বক্কর সিদ্দীক, পরিচ্ছন্নতাকর্মী ও জনাব সুমন কুমার রায়, মালী উপজেলা পরিষদ, ধুনট, বগুড়া এর নভেম্বর/২০২৩ মাসের দৈনিক মজুরি ভাতা বাবদ যথাক্রমে ১৪,৮৫০/-(চৌদ্দ হাজার আটশত পঞ্চাশ টাকা মাত্র) ও ১৪,৮৫০/-(চৌদ্দ হাজার আটশত পঞ্চাশ টাকা মাত্র) প্রদান করা হয়েছে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এর ০৮ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিষ্টাব্দ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০১৫.০০৪.০২০.৮৮৩ নং অফিস আদেশে উপজেলা পরিষদের পরিচ্ছন্নতাকর্মী দৈনিক ৫৫০/- ও মালী দৈনিক ৫৫০/- হারে নির্ধারণ করা হয়েছে। সভায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানকৃত অর্থ অনুমোদন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনান্তে জনাব আবু বক্কর সিদ্দীক, পরিচ্ছন্নতাকর্মী ও জনাব সুমন কুমার রায়, মালী উপজেলা পরিষদ, ধুনট, বগুড়া এর নভেম্বর /২০২৩ মাসের দৈনিক মজুরি ভাতা বাবদ প্রদানকৃত =২৯,৭০০/- (উনত্রিশ হাজার সাতশত টাকা মাত্র) অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, ধুনট, বগুড়া।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ধুনট, বগুড়া। |

CS CamScanner

বিবিধ-খ)
নভেম্বর/২০২৫ মাসের আনুষঙ্গিক বিল:
০১। নর্থবেঙ্গল বই বিপনী এন্ড কনফেকশনারি, ধুনট, বগুড়া-২,৪৫০/-
০২। মডার্ন স্টেশনারী এন্ড =২,৩০০/-
মোট=৪,৭৫০/-(চার হাজার সাতশত পঞ্চাশ টাকা মাত্র)।

সিদ্ধান্ত : সভায় আলোচনান্তে সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার, ধুনট, বগুড়া।

বিবিধ-গ)
নভেম্বর/২০২৫ মাসের আপ্যায়ন বিল:
০১। রাজাস হোটেল এন্ড রেস্টুরেন্ট =২৩,৪০০/- (তেইশ হাজার চারশত টাকা মাত্র)।
সিদ্ধান্ত : সভায় আলোচনান্তে সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার, ধুনট, বগুড়া।

বিবিধ-ঘ) : উপজেলা পরিষদের নভেম্বর/২০২৫ মাসের ইন্টারনেট বিল বাবদ =৪,৫০০/- (চার হাজার পাঁচশত টাকা মাত্র) ব্যয় করা হয়েছে।
সিদ্ধান্ত : সভায় আলোচনান্তে সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার, ধুনট, বগুড়া।

বিবিধ-ঙ) : উপজেলা নির্বাহী অফিসারের সার্বক্ষণিক নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের প্রয়োজনীয় জ্বালানী ও অন্যান্য দ্রব্যাদি ক্রয়, বিদ্যুৎ বিল পরিশোধ বাবদ নভেম্বর/২০২৫ মাসে =৩,৫০০/- (তিন হাজার পাঁচশ) টাকা মাত্র খরচ হয়েছে। উল্লিখিত বিলের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।
সিদ্ধান্ত : সভায় আলোচনান্তে সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার, ধুনট, বগুড়া।

বিবিধ-চ) : চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যানগণের ভ্রমণ ভাতা বিষয়ে আলোচনা: চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধুনট, বগুড়া এর ভ্রমণ ভাতা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নীতিমালা অনুযায়ী নভেম্বর/২০২৫ মাসের ভ্রমণ ভাতা বিল দাখিল সাপেক্ষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।
সিদ্ধান্ত : সভায় আলোচনান্তে সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার, ধুনট, বগুড়া।

বিবিধ-ছ) : উপজেলা চেয়ারম্যান মহোদয়ের জীপ গাড়ির জ্বালানি সরবরাহ বিষয়ে আলোচনা: চেয়ারম্যান উপজেলা পরিষদ, ধুনট, বগুড়া মহোদয়ের জীপ গাড়িতে করে অফিসে যাওয়া আসা এবং প্রশাসনিক ও উন্নয়নমূলক কাজ দেখাশোনা করার জন্য প্রতিদিন ০৭ (সাত) লিটার জ্বালানি গ্রহণ করা যাবে মর্মে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা শাখা-২ এর ০৪ নং পরিপত্রে বলা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিগত নভেম্বর/২০২৫ মাসে জীপ গাড়ির জ্বালানি বাবদ ২৭,১২৫/-(সাতাশ হাজার একশত পঁচিশ হাজার টাকা মাত্র) এর বিল ভাউচার পাওয়া গেছে। সরকারি বিধি মোতাবেক নভেম্বর/২০২৫ মাসে মোট জ্বালানির ১০% খরচ কর্তন করা হয়েছে। কর্তন পরবর্তী ২১,০০০/-(একুশ হাজার) টাকা মাত্র উপজেলা রাজস্ব তহবিল হতে খরচ করা হয়েছে। খরচকৃত অর্থ অনুমোদনের সভায় আলোচনা করা হয়।
সিদ্ধান্ত : সভায় আলোচনান্তে সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার, ধুনট, বগুড়া।

বিবিধ-জ) : উপজেলা পরিষদ রাজস্ব তহবিল নির্দেশিকা এর ৯(খ) নং অনুচ্ছেদ অনুযায়ী প্রতি অর্থ বছরে জাতীয় দিবস উদযাপন উপলক্ষ্যে এক লক্ষ টাকা ব্যয়ের অনুমোদন রয়েছে। ২০২৫-২৬ অর্থ বছরে মহান বিজয় দিবস-২০২৫ উদযাপন উপলক্ষ্যে উপজেলা রাজস্ব তহবিল হতে =৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয় করা হয়েছে। (আয়কর ৫%=২,৫০০/- এবং ভ্যাট ১৫% ও ৭.৫%=৩,০০০/- টাকা সহ)। উল্লিখিত বিল অনুমোদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।
সিদ্ধান্ত : সভায় আলোচনান্তে সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধকৃত বিল অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার, ধুনট, বগুড়া।

বিবিধ-খ) : উপজেলা প্রকৌশলী, ধুনট, বগুড়া সভায় জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ধুনট, বগুড়া মহোদয়ের জীপ গাড়ির এসি মেরামত ও সার্ভিসিং বাবদ =২০,৫০০/- (বিশ হাজার পাঁচশত) টাকার বিল ভাউচার পাওয়া গেছে। যার ভ্যাট ১০%=২,০৫০/-, আয়কর ৩% =৬১৫/-। উল্লিখিত বিলের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : সভায় আলোচনান্তে সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধকৃত বিল অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার, ধুনট, বগুড়া।

মোঃ আব্দুল হাই খোকন
চেয়ারম্যান উপজেলা পরিষদ
ধুনট, বগুড়া।

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ধুনট, বগুড়া।
(dhunot.bogra..gov.bd)

স্মারক সংখ্যা:০৫.৫০.১০২৭.১৪.০২৫.২৩-১০৫৯

তারিখ: ১৬ পৌষ ১৪৩০ / ৩১ ডিসেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৪০, বগুড়া-৫।
০২. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. জেলা প্রশাসক, বগুড়া।
০৪. পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৫. উপপরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বগুড়া।
০৬. জেলা সহায়ক (এলজিএসপি-৩), স্থানীয় সরকার, বগুড়া।
০৭. জনাব/বেগম.......................................................... ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধুনট, বগুড়া।
০৮ মেয়র, ধুনট পৌরসভা, ধুনট, বগুড়া।
০৯. উপজেলা...................................অফিসার, ধুনট, বগুড়া।
১০. চেয়ারম্যান..............................(সকল) ইউনিয়ন পরিষদ, ধুনট, বগুড়া।
১১. জনাব.....................................ধুনট, বগুড়া।
১২. গোপনীয় সহকারী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধুনট, বগুড়া।
১৩. অফিস কপি।

(মোঃ আশিক খান)
উপজেলা নির্বাহী অফিসার
ধুনট, বগুড়া।

CamScanner